

আইপিডিসি নিয়ে এলো পেমেন্ট ডিফারেল সুবিধা

প্রিয় গ্রাহক

বৈশ্বিক মহামারি করোনা ভাইরাস এর কারণে আমরা অনেকেই আর্থিক অনিশ্চয়তার সম্মুখীন হচ্ছি। এই সংকটকালীন সময়েও আপনার পাশে থাকছে আইপিডিসি ফাইন্যান্স। আপনার বিশ্বস্ত আর্থিক প্রতিষ্ঠান হিসেবে আইপিডিসি ৩১ ডিসেম্বর ২০২০ পর্যন্ত আপনার লোন এর কিস্তি বিলম্বে প্রদান করার সুযোগ দিচ্ছে।

আপনার লোনের ধরণ, মেয়াদ, বকেয়া অর্থ ইত্যাদি এর উপর ভিত্তি করে আপনি ১ জানুয়ারী ২০২০ থেকে ৩১ ডিসেম্বর ২০২০ পর্যন্ত পেমেন্ট ডিফারেল এর সুবিধা ভোগ করতে পারেন।

আপনার লোন এর পেমেন্ট ডিফারেল এর বিবরণ নিম্নরূপঃ

- লোন এর কিস্তি সর্বোচ্চ ১২ মাস (১ জানুয়ারী ২০২০ থেকে ৩১ ডিসেম্বর ২০২০) বিলম্বিত করার সুযোগ পাবেন
- পেমেন্ট ডিফারেল পিরিয়ড এর সময়কালের অর্জিত সুদ এবং লোন এর কোনো বকেয়া অর্থ থাকলে তা লোন এর অপরিশোধিত অর্থের সাথে সমন্বয় করা হবে
- লোন এর কিস্তি না বাড়িয়ে মেয়াদ পরিবর্তন করা হবে। কিন্তু কিছু ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক এর গাইডলাইন অনুযায়ী মেয়াদ বাড়ানো না গেলে কিস্তি পরিবর্তন করা হবে
- পেমেন্ট ডিফারেল এর সময়ে কোনো পেনাল চার্জ কাটা হবে না
- ইতিমধ্যে কিস্তি প্রদান করে থাকলে তা লোন এর অপরিশোধিত অর্থের সাথে সমন্বিত হবে
- লোন শ্রেণীকৃত হলে পেমেন্ট ডিফারেল সুবিধাটি আপনার জন্য প্রযোজ্য নয়
- পেমেন্ট ডিফারেল এর ক্ষেত্রে আইপিডিসি কতৃক গৃহীত সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে

পেমেন্ট ডিফারেল সুবিধা পেতে কল করুন ১৬৫১৯ অথবা ইমেইল করুন customer.service@ipdcibd.com

